

মাহমুদপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্যোগে মানবাধিকার ও পরিবেশ রক্ষায় পদক্ষেপ



স্থান: সাতক্ষীরা সদর উপজেলার আলিপুর ইউনিয়নের মাহমুদপুর মাধ্যমিক বিদ্যালয়

সহযোগী প্রতিষ্ঠান: RIB - HOPE প্রকল্প

সাতক্ষীরা জেলার মাহমুদপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ফোরামের সদস্যরা মানবাধিকার সুরক্ষা ও সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। RIB - HOPE প্রকল্পের সহায়তায় তারা ০৮/১০/২০২৪ থেকে বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরি, দায়িত্ববোধ জাগ্রতকরণ এবং সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য কার্যক্রম গ্রহণ করছে। সম্প্রতি শিক্ষার্থী ফোরামের সদস্যরা বিদ্যালয় প্রাঙ্গণে ও বাড়িতে গাছ রোপণ করেছে। তাদের এই উদ্যোগ শুধু পরিবেশ রক্ষার জন্য নয়, বরং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ ও সুন্দর বিদ্যালয় এবং পরিবেশ গড়ে তোলার অংশ হিসেবেও গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের হাতে লাগানো প্রতিটি চারা তাদের স্বপ্ন ও দায়িত্ববোধের প্রতীক হয়ে উঠেছে। তারা স্কুলে একটি ফুলের বাগান করার উদ্যোগ গ্রহণ করেছে। এছাড়াও, ফোরামের সদস্যরা প্রতিমাসে বিদ্যালয় পর্যায়ে বিভিন্ন ভালো কাজের উদ্যোগ গ্রহণ করে। কখনো তারা সহপাঠীদের পড়াশোনায় সহায়তা করছে, কখনো বিদ্যালয়ের শৃঙ্খলা বজায় রাখতে ভূমিকা রাখছে, আবার কখনো মানবাধিকার বিষয়ে সচেতনতামূলক আলোচনা করছে।

ফলাফল স্বরূপ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে মানবাধিকার ও সামাজিক দায়িত্ববোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। গাছ লাগানোর মাধ্যমে বিদ্যালয়ের পরিবেশ হয়েছে আরও সুন্দর ও স্বাস্থ্যকর। নিয়মিত ভালো কাজের চর্চা শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্ব ও ইতিবাচক মানসিকতার বিকাশ ঘটাচ্ছে।

শিক্ষণীয় দিক:

ছোট ছোট উদ্যোগও বড় পরিবর্তনের সূচনা করতে পারে। মাহমুদপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ফোরাম তারই একটি উজ্জ্বল উদাহরণ।